গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ ও বন মন্ত্রণালয়
পরিকল্পনা শাখা-২

পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তর
গৃহীত
নং 2209
স্বাক্ষর
তারিখ 25/02/2018

নং-২২.০০.০০০০.০৭৯.১৪.০৩৩.১৫-৩৪ তারিখ: ০৮/০২/২০১৮

বিষয়ঃ পরিবেশ অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "National Capacity Development for Implementing Rio Conventions through Environmental Governance" শীর্ষক প্রকল্পের স্টিয়ারিং কমিটির ২য় সভার কার্যবিবরণী প্রেরণ।

গত ৩১/০১/২০১৮ তারিখে পরিবেশ ও বন মন্ত্রণালয়ের আওতায় পরিবেশ অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "National Capacity Development for Implementing Rio Conventions through Environmental Governance" শীর্ষক প্রকল্পের স্টিয়ারিং কমিটির ২য় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্‌সঙ্গে প্রেরণ করা হল।

সংযুক্তি: বর্ণনামতে।

৮/২/১৮
( দীপান্বিতা সাহা)
সিনিয়র সহকারী প্রধান
ফোন ঃ ৯৫৪০২৬০

বিতরণঃ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
২। সিনিয়র সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
৩। সচিব, মৎস্য ও প্রাণি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
৪। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
৬। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
৭। সচিব, মদ্রাসা ও কারিগরি শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, পরিবহন পুল ভবন, ঢাকা।
৮। সচিব, প্রবাসি কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, নিউ ইস্কাটন, প্রবাসী কল্যাণ, ঢাকা ।
৯। সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
১০। সচিব,আইএমইডি, শের-ই-বাংলা নগর, ঢাকা ।
১১। সদস্য, কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
১২। রেক্টর, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি), সাভার।
১৩। অতিরিক্ত সচিব (জলবায়ু পরিবর্তন), পরিবেশ ও বন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪। অতিরিক্ত সচিব (পরিবেশ), পরিবেশ ও বন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫। অতিরিক্ত সচিব (উন্নয়ন), পরিবেশ ও বন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬। মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, পরিবেশ ভবন, আগারগাঁও, ঢাকা।
১৭। উপপ্রধান (উপসচিব), পরিবেশ ও বন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৮। ড. আইনুন নিশাত, এমিরিটাস অধ্যাপক, ব্র্যাক বিশ্ববিদ্যালয়, মহাখালী, ঢাকা।
১৯। কান্ট্রি ডিরেক্টর, ইউএনডিপি, আইডিবি ভবন, রোকেয়া সরণী রোড, ঢাকা।
২০। পরিচালক, পরিবেশ অধিদপ্তর, পরিবেশ ভবন, আগারগাও, ঢাকা।
২১। প্রকল্প সমন্বয়কারী, "রিও কনভেনশন বাস্তবায়নের লক্ষ্যে সক্ষমতা বৃদ্ধি" শীর্ষক প্রকল্প, পরিবেশ ভবন, আগারগাঁও, ঢাকা।
২২। প্রকল্প পরিচালক, "রিও কনভেনশন বাস্তবায়নের লক্ষ্যে সক্ষমতা বৃদ্ধি" শীর্ষক প্রকল্প ও পরিচালক (বায়ুমান ব্যবস্থাপনা), পরিবেশ অধিদপ্তর, পরিবেশ ভবন, আগারগাঁও, ঢাকা।
২৩। মো: আফতাব উদ্দিন খান, পরামর্শক, রিও প্রজেক্ট, পরিবেশ অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২৪। জনাব মো: ফরহাদ আলম, প্রজেক্ট অফিসার, রিও প্রজেক্ট, পরিবেশ অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২৫। এডভোকেট এম হাফিজুল ইসলাম খান, পরামর্শক, রিও প্রজেক্ট, পরিবেশ অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা ।
২৬। জনাব মো: গোলাম মাহবুব সারওয়ার, পরামর্শক, পরিবেশ অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২৭। জনাব মো: খায়রুল আলম, পরামর্শক, রিও প্রজেক্ট, পরিবেশ অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

| | |
|---|---|
| জরুরী / অতিজরুরী | |
| আলোচনা করুন/ মতামতসহ নথিতে পেশ করুন | |
| | অতিরিক্ত মহাপরিচালক |
| পরিচালক | প্রশাসন/মনি: ও এন: আইন/ পরিকল্পনা |
| | পরিবেশগত ছাড়পত্র/ জল: পরি: ও আন্ত: কন |
| | প্রাকৃতিক সম্পদ ব্যব:/ বায়ুমান ব্যবস্থাপনা/ আইটি |
| | ঢাকা অঞ্চল/ঢাকা মহা:/ ঢাকা গবেষণাগার |
| পিডি/ ডিপিডি | কেস/সিবিএ-ইসিএ/ ওডিএস /3R প্রকল্প |
| | বন্ধুচুলা/ টিএনসি/ প্রোগ্রাম্যাটিক সিডিএম |
| | স্টাফ অফিসার |

PD(Rio)

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

০১। সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিবেশ ও মন্ত্রণালয়, ঢাকা।
০২। অতিরিক্ত সচিব (উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিবেশ ও মন্ত্রণালয়, ঢাকা।
০৩। উপ-প্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিবেশ ও মন্ত্রণালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ ও বন মন্ত্রণালয়
পরিকল্পনা শাখা-২
www.moef.gov.bd

**বিষয় ঃ পরিবেশ অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "National Capacity Development for Implementing Rio Conventions through Environmental Governance" শীর্ষক প্রকল্পের স্টিয়ারিং কমিটির ২য় সভার কার্যবিবরণী।**

সভাপতি : জনাব আবদুল্লাহ আল মোহসীন চৌধুরী, ভারপ্রাপ্ত সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়।
সভার তারিখ : ৩১ জানুয়ারী ২০১৮ ।
সভার সময় : বিকাল ৩:৩০ ঘটিকা ।
স্থান : পরিবেশ ও বন মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ।
উপস্থিতি : পরিশিষ্ট-'ক'।

**১.০. উপস্থাপনাঃ** সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে পরিবেশ ও বন মন্ত্রণালয়ের উপ-প্রধান প্রকল্পের সংক্ষিপ্ত পরিচিতি প্রদান করে ও সভার বিষয়বস্তু অবহিত করে প্রকল্প পরিচালককে পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন উপস্থাপনের জন্য অনুরোধ করেন। প্রকল্প পরিচালক তার উপস্থাপনায় প্রকল্পের উদ্দেশ্য, প্রধান প্রধান কার্যক্রম, বাস্তবায়ন অগ্রগতি এবং ভবিষ্যত করণীয় সর্ম্পকে সভাকে বিস্তারিত অবহিত করেন।

**২.০. আলোচনা ঃ**

২.১ প্রকল্প পরিচালক জানান যে, বৈশ্বিক পরিবেশ ব্যবস্থাপনার বিষয়ে প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি এবং রিও কনভেনশনসমূহ ও টেকসই উন্নয়নের মধ্যে সমন্বয়ের মাধ্যমে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে জিইএফ ও ইউএনডিপি অর্থায়নে ৬৭০.৮০ লক্ষ টাকা ব্যয়ে জুলাই ২০১৫ হতে জুন ২০১৮ মেয়াদে বাস্তবায়নের জন্য "National Capacity Development for Implementing Rio Conventions through Environmental Governance" শীর্ষক প্রকল্পটি অনুমোদিত হয়। রিও কনভেনশনসমূহ-কে উন্নয়ন কার্যক্রমের মূলধারায় নিয়ে আসার লক্ষ্যে সরকারি প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহের প্রশিক্ষণ কর্মসূচি পাঠ্যক্রমে এর অন্তর্ভুক্তি, বিভিন্ন মেয়াদী প্রশিক্ষণের আয়োজন, সরকারি ও বেসরকারি পর্যায়ে জনসচেতনতা সৃষ্টি এবং এ লক্ষ্যে ইন্টারনেট ভিত্তিক ওয়েবসাইটের ব্যবহারসহ শিক্ষা ও প্রচারণাধর্মী বিভিন্ন উপকরণ তৈরী এ প্রকল্পের প্রধান কার্যক্রম।

২.২ সভাপতি স্টিয়ারিং কমিটির সভায় সাধারনভাবে বক্তব্য না দিয়ে সুনির্দিষ্ট তথ্যসহ বক্তব্য উপস্থাপনের জন্য প্রকল্প পরিচালককে পরামর্শ দেন। সভাপতি প্রকল্পের ১ম স্টিয়ারিং কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি জানতে চাইলে প্রকল্প পরিচালক বিষয়টি সভাকে অবহিত করেন। সভায় সিদ্ধান্ত ছিল, "রিও কনভেনশনের সাথে এসডিজিসহ সরকারের বিভিন্ন উন্নয়ন পরিকল্পনাকে এলাইন করে প্রশিক্ষণ ম্যানুয়াল প্রস্তুত করতে হবে এবং প্রশিক্ষণ ইনস্টিটিউটের সাথে পরামর্শক্রমে প্রকল্পের আওতায় প্রণীতব্য প্রশিক্ষণ ম্যানুয়াল প্রণয়নের কার্যক্রম আগামী আগস্ট ২০১৭ এর মধ্যে সম্পন্ন করতে হবে"। সে অনুযায়ী প্রশিক্ষণ ম্যানুয়াল এর খসড়া চূড়ান্ত করে মন্ত্রণালয়ে দাখিল করা হয়েছে। সভাপতি প্রণীত প্রশিক্ষণ ম্যানুয়ালটি পর্যালোচনার জন্য পরিবেশ ও বন মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (জলবায়ু পরিবর্তন) এর সভাপতিত্বে ৬/৭ সদস্য বিশিষ্ট একটি টেকনিক্যাল কমিটি গঠন করার পরামর্শ দেন। টেকনিক্যাল কমিটির মতামত অনুযায়ী প্রশিক্ষণ ম্যানুয়ালটি পুর্নগঠন করে ToT প্রশিক্ষণসহ অন্যান্য প্রশিক্ষনে এর ব্যবহার শুরু করা যেতে পারে। ট্রেনিং চলাকালীন প্রাপ্ত মতামতের ভিত্তিতে প্রশিক্ষণ ম্যানুয়ালটি প্রয়োজন অনুযায়ী পরিমার্জন ও পরিবর্ধন করে এটি চূড়ান্তকরণ তথা অনুমোদনের পরবর্তী ব্যবস্থা নিতে হবে।

চলমান পাতা ২

২.৩ প্রকল্প পরিচালক জানান, টিএপিপি অনুযায়ী প্রকল্পের মেয়াদ জুলাই ২০১৫ হতে জুন ২০১৮। প্রকল্পের অনুকূলে প্রশাসনিক অনুমোদন পাওয়া যায় গত ১৩ জুলাই ২০১৬ তারিখে এবং প্রকল্প পরিচালক নিয়োগের অফিস আদেশ জারী হয় ১৬ অক্টোবর ২০১৬ তারিখে। প্রকৃতপক্ষে প্রকল্প পরিচালক নিয়োগের পর অর্থাৎ প্রকল্প শুরুর মূল তারিখের প্রায় ১৫ মাস পরে প্রকল্পের কার্যক্রম আরম্ভ হয়। পরবর্তিতে প্রকল্পের জনবল নিয়োগের কাজ সম্পন্ন করে প্রজেক্ট ম্যানেজমেন্ট ইউনিট গঠনের পর প্রকল্পের মূল কার্যক্রম শুরু হয় জানুয়ারি ২০১৭ থেকে। প্রকল্পের কম্পোনেন্ট ২ ও ৩ এর আওতায় বেশ কিছু কার্যক্রম সম্পাদন করতে হবে এবং কিছু কার্যক্রম বাস্তবতার আলোকে পুনঃবিন্যাস করতে হবে বিধায় প্রকল্পের মেয়াদ ১ বৎসর বৃদ্ধি করা প্রয়োজন। এছাড়া কিছু আন্তঃঅঙ্গ সমন্বয়েরও প্রয়োজন হবে। এ বিষয়ে প্রকল্প বাস্তবায়ন কমিটি (PIC) সুপারিশ করেছে। সভাপতি কোন কোন কাজ বর্ধিত মেয়াদে সম্পন্ন করা হবে এবং কোন কোন খাতে আন্তঃঅঙ্গ সমন্বয়ের প্রয়োজন হবে সেটি সুস্পষ্টভাবে উপস্থাপন না হওয়ায় অসন্তোষ প্রকাশ করেন। তিনি সেগুলিকে সুনির্দিষ্ট এবং সুস্পষ্টভাবে চিহ্নিত করার পরামর্শ দেন।

২.৪ উন্নয়ন সহযোগী কর্তৃক প্রণীত প্রজেক্ট ডকুমেন্ট এবং প্রকল্পের টিপিপি'র ব্যয় খাতের অসামঞ্জস্যতা থাকায় প্রকল্প বাস্তবায়ন পর্যায়ে সমস্যার সন্মুখীন হতে হয় মর্মে সভায় মত প্রকাশ করা হয়। ভবিষ্যতে গৃহীত প্রকল্পের ক্ষেত্রে প্রজেক্ট ডকুমেন্ট চূড়ান্ত হওয়ার পর সে অনুযায়ী টিপিপি প্রণয়ন এবং টিপিপি'র ব্যয় খাত ও প্রজেক্ট ডকুমেন্ট এর ব্যয় খাতের মধ্যে সামঞ্জস্যতা আনয়নের লক্ষ্যে টিপিপি'র ব্যয় খাত প্রজেক্ট ডকুমেন্টে সংযোজনী আকারে অন্তর্ভুক্তির উদ্যোগ নেয়া যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

৩.০. সিদ্ধান্ত ঃ

বিস্তারিত আলোচনার পর সভায় নিম্লোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় ঃ

৩.১ প্রকল্পের আওতায় প্রণীত প্রশিক্ষণ ম্যানুয়ালটি পর্যালোচনার জন্য পরিবেশ ও বন মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (জলবায়ু পরিবর্তন) এর সভাপতিত্বে ৬/৭ সদস্য বিশিষ্ট একটি টেকনিক্যাল কমিটি গঠন করতে হবে;

৩.২. টেকনিক্যাল কমিটির মতামত অনুযায়ী প্রশিক্ষণ ম্যানুয়ালটি পুর্নগঠন করতে হবে;

৩.৩. পুনর্গঠিত প্রশিক্ষণ ম্যানুয়ালটি প্রকল্পের ToT প্রশিক্ষণসহ অন্যান্য প্রশিক্ষনে ব্যবহার শুরু করতে হবে। প্রশিক্ষণ চলাকালীন সময়ে প্রাপ্ত মতামতের ভিত্তিতে প্রশিক্ষণ ম্যানুয়ালটি প্রয়োজন অনুযায়ী পরিমার্জন ও পরিবর্ধন করে এটি চূড়ান্তকরণ তথা অনুমোদনের পরবর্তী ব্যবস্থা নিতে হবে;

৩.৪ প্রকল্পের মেয়াদ ১ বৎসর বৃদ্ধি করার বিষয়ে সভায় নীতিগত সিদ্ধান্ত হয়। তবে কোন কোন কাজ বর্ধিত মেয়াদে সম্পন্ন করা হবে এবং কোন কোন খাতে আন্তঃঅঙ্গ সমন্বয়ের প্রয়োজন হবে সেটি সুস্পষ্টভাবে চিহ্নিত করে মন্ত্রণালয়ে দাখিল করতে হবে।

৪.০. অতঃপর সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
০৭/০২/২০১৮
(আবদুল্লাহ আল মোহসীন চৌধুরী)
ভারপ্রাপ্ত সচিব